

# কুবিতে প্রথম মেধাতালিকায় ভর্তির সময় বৃদ্ধি

কুবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষায় তিনটি ইউনিটের বিভাগভিত্তিক প্রথম মেধাতালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির সময় একদিন বাড়িয়ে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার মোহাম্মদ এমদাদুল হক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পূর্বঘোষিত ২৪ ও ২৫ ফেব্রুয়ারির পাশাপাশি ২৬ ফেব্রুয়ারি সকাল ৯টা থেকে বিকেল ৩টা ৩০ মিনিটের মধ্যে

নির্বাচিত প্রার্থীরা সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে সশরীরে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

ভর্তি ফরমের সঙ্গে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূল কপি প্রদর্শন সাপেক্ষে এক কপি ফটোকপি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের চার কপি সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, ভর্তি ফি বাবদ শিক্ষার্থীদের ১৪ হাজার ৬০০ টাকা ব্যাংকে জমা দিতে হবে। পাশাপাশি ডিন অফিসের উন্নয়ন ফি ও বিভাগের উন্নয়ন ফি পরিশোধ করতে হবে।

এ ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীরা আগামী ২৬ ফেব্রুয়ারি রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত মাইগ্রেশন সচল বা বন্ধ করার সুযোগ পাবেন। তবে একবার মাইগ্রেশন বন্ধ করে দিলে তা পুনরায় সচল করার সুযোগ থাকবে না বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, ভর্তিসংক্রান্ত সব কার্যক্রম শেষে আগামী ১২ এপ্রিল থেকে ক্লাস শুরু করা হবে। ভর্তি সংক্রান্ত যেকোনো

হলনাগাদ তথ্য বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট  
ওয়েবসাইটে ও বিশ্ববিদ্যালয়ের অফিশিয়াল  
ফেসবুক পেজের মাধ্যমে জানা যাবে।